

কোড নং	কোডের বর্ণনা (Code Description)			
	ডিসপ্লে	সিঙ্গেল ফেজ মিটার	ডিসপ্লে	ত্রি-ফেজ মিটার
৫	Credit	মিটারে জমাকৃত অবশিষ্ট টাকার পরিমাণ (Remaining balance in the meter in Taka)	Credit	মিটারে জমাকৃত অবশিষ্ট টাকার পরিমাণ (Remaining balance in the meter in Taka)
৬	KWH	এখন পর্যন্ত ব্যবহৃত সর্বমোট ইউনিট (Total consumption till now in KWH)	KWH	এখন পর্যন্ত ব্যবহৃত সর্বমোট ইউনিট (Total consumption till now in KWH)
৭	Taka	চলতি মাসের বর্তমান সময় পর্যন্ত খরচকৃত টাকার পরিমাণ (Taka used for the current month's billing period)		
৮	KWH	চলতি মাসের বর্তমান সময় পর্যন্ত ব্যবহৃত ইউনিটের পরিমাণ (KWH used for the current month's billing period)	Credit	বর্তমান মাসে ব্যবহৃত টাকার পরিমাণ (Total Credited amount in Taka)
৯	Credit	গত মাসের বিলের টাকা (Last month's bill in Taka)	KWH	বর্তমান মাসে ব্যবহৃত ইউনিট (Current month consumption in KWH)
১০	KWH	গত মাসের ব্যবহৃত ইউনিট (Last month's consumption in KWH)	Credit	গত মাসের বিলের টাকা (Last month's bill in Taka)
১১			KWH	গত মাসের ব্যবহৃত ইউনিট (Last month's bill consumption in KWH)
১৪	Credit	বর্তমানে ব্যবহৃত বিদ্যুতের মূল্যহার টাকায় (Current unit rate per unit in Taka)		
১৫	Date	বর্তমান তারিখ (Current Date)	Credit	বর্তমানে ব্যবহৃত বিদ্যুতের মূল্যহার টাকায় (Current unit rate per unit in Taka)
১৬	Time	বর্তমান সময় (Current Time)	Date	বর্তমান তারিখ (Current Date)
১৭	Kw	এই মুহূর্তে সংযুক্ত লোড (Current Load)	Time	বর্তমান সময় (Current Time)
১৮, ১৯, ২০			Kw	এই মুহূর্তে সংযুক্ত লোড (Current Load)
২১, ২২, ২৩			V	বর্তমান ভোল্টেজ (Present Voltage)
২৪, ২৫, ২৬			L	লাইন কারেন্ট (Line Load; Amps)
৩১			PF	পাওয়ার ফ্যাক্টর (Power Factor)
৩৬				সিকুয়েন্স নম্বর (Sequence number)

## চার্জসমূহ

সাধারণ মিটারের অনুরূপ স্মার্ট গ্রি-পেমেন্ট মিটারের ক্ষেত্রে বাংলাদেশ সরকার/বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (BERC) কর্তৃক নির্ধারিত হারে নিম্নবর্ণিত চার্জসমূহ আরোপ করা হয়ঃ

- ডিম্যান্ড চার্জঃ** ভেডিং করার সময় অনুমোদিত লোডের বিপরীতে প্রতিমাসে একবার ৩০ টাকা কিলোগয়াট হারে ডিম্যান্ড চার্জ কাটা হয়। পূর্ববর্তী মাসসমূহে ভেডিং না করা হলে পরবর্তী ভেডিং এর সময় ডিম্যান্ড চার্জ সমন্বয় করা হয়।
- মিটার রেন্টঃ** গ্রাহক স্থাপনায় প্রদত্ত বৈদ্যুতিক মিটারটি ডেসকো হতে সরবরাহকৃত বিষয় গ্রাহককে প্রতি মাসে একবার সিঙ্গেল ফেজ মিটারের ক্ষেত্রে ৪০ টাকা এবং ত্রি ফেজ মিটারের ক্ষেত্রে ২৫০ টাকা মিটার রেন্ট প্রদান করতে হয়।
- এনার্জি চার্জঃ** প্রতি ইউনিট বিদ্যুৎ ব্যবহারের জন্য বিইআরসি নির্ধারিত ট্যারিফ রেট অনুসারে গ্রাহকের মিটার থেকে টাকা কর্তন হয়।

ঘ) **ভ্যাটঃ** গ্রাহকের মোট বিলের উপর বিইআরসি নির্ধারিত (৫%) হারে প্রতিবার ভেডিং করার সময় ভ্যাট কর্তন করা হয়।

বিদ্যুৎ ব্যবহারের সাথে সাথে মিটার এনার্জি চার্জ সংক্রিয়ভাবে সমন্বয় করে। অন্যান্য চার্জসমূহ ভেডিং করার সময় রিচার্জকৃত টাকা হতে কেটে নেয়া হয়। **উল্লেখ্য, স্মার্ট গ্রি-পেমেন্ট মিটারের জন্য অতিরিক্ত কোন চার্জ নেয়া হয় না বরং গ্রাহক ১% হারে রিবেট স্বরূপ অতিরিক্ত বিদ্যুৎ ব্যবহারের সুযোগ পাচ্ছেন।**

এলাট-এ আবাসিক সিঙ্গেল ফেজ ৩ কিলোগয়াট এবং ত্রি ফেজ মিটারের ৮ কিলোগয়াট লোডের একজন গ্রাহকের ২০০০/- টাকা রিচার্জের ক্ষেত্রে মিটারে কত টাকা যাবে তার হিসাব নিম্নরূপঃ

শ্রেণি	ভ্যাট (৫%)	ডিম্যান্ড চার্জ	মিটার রেন্ট	মোট চার্জ	রিবেট (১%)	মোট এনার্জি
	(রিচার্জকৃত টাকা × ৫) ÷ ১০০	মাসিক ৩০ টাকা/কিলোগ	মাসিক সিঙ্গেল ফেজ-৪০ টাকা, ত্রি ফেজ-২৫০ টাকা	ভ্যাট+ ডিম্যান্ড চার্জ+ মিটার রেন্ট	{(রিচার্জকৃত টাকা-ভ্যাট ও মিটার রেন্ট) × ১} ÷ ১০০	(রিচার্জকৃত টাকা -মোট চার্জ)+রিবেট
এলাট-এ আবাসিক-সিঙ্গেল ফেজ	(২০০০ × ৫) ÷ ১০০ = ১০০	১ মাস × (৩ কিলোগ × ৩০) = ৯০	১ মাস × ৪০ = ৪০	১০০ + ৯০ + ৪০ = ২৩০	(১ + ১০০) × (২০০০ - ২৩০) ÷ ১০০ = ১৮.৬৫	(২০০০ - ২৩০ + ১৮.৬৫) = ১৭৯৬.৬৫
ত্রি ফেজ মিটার	(২০০০ × ৫) ÷ ১০০ = ১০০	১ মাস × (৮ কিলোগ × ৩০) = ২৪০	১ মাস × ২৫০ = ২৫০	১০০ + ২৪০ + ২৫০ = ৬৯০	(১ + ১০০) × (২০০০ - ৬৯০) ÷ ১০০ = ১৩.১০	(২০০০ - ৬৯০ + ১৩.১০) = ১৩৪৩.১০

## কোথায়, কীভাবে রি-চার্জ করা যাবে

- ভেডিং স্টেশন/ব্যাংকঃ** ডেসকো'র নির্ধারিত ভেডিং বুথ ও অনুমোদিত ব্যাংক শাখা এবং ডাচ-বাংলা ব্যাংকের ফাস্ট ট্রা্যাক। ডেসকো'র ভেডিং স্টেশনের ঠিকানা সম্পর্কে জানতে ভিজিট করুন [https://www.desco.org.bd/bangla/prepaid\\_vending\\_list.php](https://www.desco.org.bd/bangla/prepaid_vending_list.php)
- মোবাইল অ্যাপসঃ** স্মার্ট ফোন এর মাধ্যমে স্মার্ট অ্যাপ বা ওয়েব এপ্লিকেশন ব্যবহার করে বিশ্বের যে কোন স্থান হতে ভিসা কার্ড, মাস্টার কার্ড এবং এমেক্স কার্ডের সাহায্যে মিটার রি-চার্জ করা যায়।
- ইন্টারনেট ও মোবাইল ব্যাংকিংঃ** ডেসকো স্মার্ট অ্যাপস, রকেট, বিকাশ, জি-পে, জি-পে অ্যাপস, শিউরক্যাশ, মাই-ক্যাশ, টি-ক্যাশ ও নেত্রাস পে এর মাধ্যমে মিটার রি-চার্জ করা যায়।
- পয়েন্ট অব সেলস (POS)ঃ** সাউথ ইস্ট ব্যাংক, ডাচ বাংলা ব্যাংক ও মার্কেটাইল ব্যাংকের নির্ধারিত এজেন্টের মাধ্যমে POS- Machine এর সাহায্যে গ্রাহকগণ খুব সহজেই সন্তোষের যে কোন সময় মিটার রিচার্জ করতে পারবেন। আপনার নিকটস্থ POS এর ঠিকানা জানতে ভিজিট করুন <https://www.desco.org.bd/bangla/listofpos.pdf>

## ডেসকো'র স্মার্ট গ্রি-পেইড মিটার রিচার্জ পদ্ধতিসমূহ



- Play Store অথবা ওয়েবলিংক <http://descoprepaid.ssiwireless.com/app> থেকে ডেস্কটপ, ল্যাপটপ অথবা স্মার্ট মোবাইল ফোনের মাধ্যমে ডেসকো'র স্মার্ট অ্যাপস ডাউনলোড করুন
- Sign Up ক্লিক করে প্রদত্ত কাস্টমার আইডি, মোবাইল নম্বর ও PIN নম্বর টাইপ করে রেজিস্ট্রেশন করুন
- Sign In করে নির্দিষ্ট মিটারটি ভিসা কার্ড, মাস্টার কার্ড এবং এমেক্স কার্ড এর মাধ্যমে রি-চার্জ করুন